ছোটদের
সাধারণ জ্ঞান শিক্ষা

নার্সারি (বয়স যখন ৫+)

সংকলক

সাজিদ হাসান

সম্পাদক

সন্দীপন টিম

বানান

মনির হুসাইন

শিল্প নির্দেশনা

নয়ন সরকার

গ্রাফিক ডিজাইন

রায়হান মুক্তাদির
শেখ রাইফুল ইসলাম রাহাদ

ATFAAL
by sondipon

সূচিপত্র

অধ্যায়	পরিচ্ছেদ	পাঠ	ক্লাস	পৃষ্ঠা
১. পরিচয়পর্ব	১	১. আমার পরিচয়	৪	৫
	২	১. দেশ-মহাদেশ	৪	৬
		২. ঋতু	৪	৭
	৩	অনুশীলনী	৪	৮
২. বাসস্থান	৪	১. আমার গ্রাম/শহর	৪	১০
	৫	১. উৎসব	৪	১১
		২. স্বাস্থ্যবিধি	৪	১২
	৬	অনুশীলনী	৪	১৩

৩. আমাদের চারপাশ	৭	১. বন্ধুবান্ধব	৪	১৫
	৮	১. প্রকৃতি ও পরিবেশ	৪	১৬
		২. নিরাপত্তা	৪	১৭
	৯	অনুশীলনী	৪	১৮
৪. পাড়াপড়শি	১০	১. পাড়া-প্রতিবেশী	৪	২০
	১১	১. পোশাক	৪	২১
		২. খেলাধুলা	৪	২২
	১২	অনুশীলনী	৪	২৩

অধ্যায় ১
পরিচয়পর্ব

আমি ঈসা।
আমি মুসলিম। আমি একজন ছেলে। আমার বয়স ৫ বছর। আমি নার্সারিতে পড়ি। আমি বাংলা ভাষায় কথা বলি।

আমি খাদিজা।
আমি মুসলিম। আমি একজন মেয়ে। আমার বয়স ৫ বছর। আমি নার্সারিতে পড়ি। আমি বাংলা ভাষায় কথা বলি।

১. ঈসার সাথে মিল রয়েছে, এমন শব্দগুলো গোল করি

ইসলাম ছেলে মেয়ে প্লে ইংরেজি ৫ বছর

২. খাদিজার সাথে মিল রয়েছে, এমন শব্দগুলো গোল করি

মেয়ে ছেলে ৫ বছর নার্সারি বাংলা ইরান

আমাদের দেশে ছয়টি ঋতু রয়েছে। ঋতুগুলো হলো—গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত। গ্রীষ্মে অনেক রকম ফল পাওয়া যায়। বর্ষাকালে মাঠ-ঘাট ও নদী-নালায় অনেক পানি থাকে। শরতে আকাশে মেঘ ওড়ে। হেমন্তে ঘরে নতুন ধান আসে। শীতকালে ঠান্ডা লাগে, গরম কাপড় পরতে হয়। বসন্তে ফুল ফোটে, পাখি গান গায়।

একেক ঋতুতে আবহাওয়া একেকরকম থাকে। গ্রীষ্মে আবহাওয়া থাকে রোদ ঝলমলে। বর্ষায় চারদিকে মেঘলা আবহাওয়া থাকে। কখনো বা ঝড়ো আবহাওয়া-ও তৈরি হয়। শীতে ঠাণ্ডা আবহাওয়ায় সবাই কেঁপে উঠে।

১. বর্ণ মিলাই ও শব্দ বানাই



ষ্ম গ্রী	র্ষা ব	ৎ র শ	ম ন্ত হে	ত শী	ন্ত ব স

পরিচ্ছেদ ৩ : অনুশীলনী

১. ছবিগুলোর নাম লিখি

২. নিচের ছবিগুলো চিহ্নিত করি

নদী

ঢাকা

গ্রীষ্ম

বাংলাদেশ

এশিয়া

৩. সঠিক উত্তর বেছে নিই ও গোল করি

ক. বাংলাদেশে কয়টি ঋতু?

৫	৬	৭

খ. সর্বপ্রথম ঋতু কোনটি?

বসন্ত

বর্ষা

গ্রীষ্ম

গ. সর্বশেষ ঋতু কোনটি?

শীত

বসন্ত

গ্রীষ্ম

ঘ. মেঘলা দিনে কী করি?

ছাতা নিই

গরম পোশাক পরি

হালকা পোশাক পরি

৪. সবে মিলে করি কাজ (শিক্ষকের সহায়তায় তোমার পরিবারের সদস্যদের নাম লেখো)